

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-২ শাখা
www.lgd.gov.bd

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৭৫.০৭৫.২০১৫- ১২০৩

তারিখ : ১৪ পৌষ, ১৪২২ বঃ
২৮ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ


প্রজ্ঞাপন

যেহেতু, জনাব জি.এম রহিমুল্লাহ, চেয়ারম্যান, কক্সবাজার সদর উপজেলা পরিষদ, কক্সবাজার এর বিরুদ্ধে দায়েরকৃত কক্সবাজার সদর থানার মামলা নং-৩৪, তাং-১৫/০২/২০১৩খ্রিঃ, মামলা নং-৩৬, তাং-১৫/০২/২০১৩, মামলা নং-০১, তাং-০১/০৩/২০১৩খ্রিঃ ও মামলা নং-৩১, তাং-১৯/১২/২০১৩খ্রিঃ এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব জি.এম রহিমুল্লাহ, চেয়ারম্যান, কক্সবাজার সদর উপজেলা পরিষদ, কক্সবাজার - এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে কক্সবাজার জেলার সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব জি.এম রহিমুল্লাহকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারী করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।



(সৈয়দ মোঃ নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৭৭২৩০

নং- ৪৬.০৪৫.০২৭.০৮.৭৫.০৭৫.২০১৫- ১২০৩/১(১৩)

তারিখ : ১৪ পৌষ, ১৪২২ বঃ
২৮ ডিসেম্বর, ২০১৫ খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৩. সচিব,.....মন্ত্রণালয়/বিভাগ, ঢাকা।
৪. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
৫. কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৬. জেলা প্রশাসক, কক্সবাজার।
৭. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়।
৮. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি বাংলাদেশ গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশ করে গেজেটের ৩০ (ত্রিশ) কপি স্থানীয় সরকার বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো)
৯. সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
১০. ভাইস চেয়ারম্যান/ ভাইস চেয়ারম্যান (মহিলা), সদর উপজেলা পরিষদ, কক্সবাজার।
১১. জেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, কক্সবাজার/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা, সদর, কক্সবাজার।
১২. জনাব জি.এম রহিমুল্লাহ, চেয়ারম্যান (সাময়িক বরখাস্তকৃত), কক্সবাজার সদর উপজেলা পরিষদ, কক্সবাজার।
১৩. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (প্রজ্ঞাপনটি ওয়েব সাইটে প্রকাশ করার অনুরোধসহ)।


(সৈয়দ মোঃ নূরুল বাসির)
সিনিয়র সহকারী সচিব